

শিক্ষার্থী নির্যাতন

ববি ছাত্রলীগের দুই কর্মীর ছাত্রত্ব বাতিল

বরিশাল ব্যুরো

১৮ আগস্ট ২০২৪, ০৭:৫৬ পিএম



বরিশাল বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

বরিশাল ব্যুরো

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) শিক্ষার্থী নির্যাতনের ঘটনায় দুই ছাত্রলীগকর্মীর ছাত্রত্ব বাতিল করেছে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটি।

আজ রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মনিরুল ইসলাম সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তি থেকে জানা যায়, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মুকুল আহমেদকে রাতভর নির্যাতনের ঘটনায় একই বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তানজিদুল হক মঞ্জু ও শিহাব উদ্দিন পাটোয়ারী রিফাত নামের দুই ছাত্রলীগকর্মীর ছাত্রত্ব বাতিল করা হয়েছে।

এছাড়াও ২০২০-২১ শিক্ষাবর্ষের আহাদ খান রাফি নামে এক শিক্ষার্থীকে এক বছরের বহিষ্কারাদেশের সুপারিশও করা হয়।

রেজিস্ট্রার মনিরুল ইসলাম বলেন, শনিবার রাতের একটি শৃঙ্খলা কমিটিতে তিন শিক্ষার্থীর শাস্তির সুপারিশ করা হয়েছে। এটা সিডিকেটে অনুমোদন হলে প্রজ্ঞাপন জারি করা হবে।

গত বছরের ১৪ অক্টোবর ছাত্রলীগের পরিচয়ধারী দুই কর্মীর অমানবিক নির্যাতনের স্বীকার হন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মুকুল আহমেদ। বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের ৪০১৮ নম্বর কক্ষে রাতভর নির্যাতন করা হয় তাকে।

তবে এ ঘটনার প্রায় এক বছর পর বিচার পেতে যাচ্ছেন মুকুল আহমেদ।